

## স্নাতক পরীক্ষা-২০২০

## সাম্মানিক বাংলা

## সপ্তম পত্র

পূর্ণমান : ১০০

সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

সংক্ষিপ্ত অথচ যথাযথ উত্তর দাও।

- ১। যে-কোনো আটটি প্রশ্নের উত্তর দাও :  $৮ \times ২ = ১৬$
- ক) 'নীলদর্পণ' নাটকের প্রথম সংলাপটি কার?
- খ) 'বৃন্দাবনে আছেন হরি' ..... ছড়াটির পরবর্তী পঙ্ক্তিটি লেখো।
- গ) 'আমার বিপিনও যেমন ছোট বউও তেমন' — বক্তা কে? ছোট বউয়ের নাম লেখো।
- ঘ) 'নূরজাহান' নাটকের আখ্যানভাগ কোন্ গ্রন্থ থেকে নেওয়া হয়েছে?
- ঙ) নূরজাহানের পিতা ও ভ্রাতার নাম লেখো।
- চ) রেবা চরিত্রটি কোন্ ঐতিহাসিক চরিত্রের ছায়া অবলম্বনে নির্মিত?
- ছ) দইওয়ালাদের গ্রাম কোন্ পাহাড়ের তলায় ও কোন্ নদীর তীরে অবস্থিত?

(পরের পাতায়)

- জ) 'আমার স্ত্রী যে পোষ্যপুত্র নেবার জন্য ক্ষেপে উঠেছিল' বক্তা কে? পোষ্যপুত্রটির নাম লেখো।
- ঝ) অমলের পদবী লেখো। সুধা কা'র মেয়ে?
- ঞ) 'চাঁদ বণিকের পালা' নাটকটি প্রথম কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল?
- ট) 'সদাগর শান্ত হও, মায়ের পরাণ বুঝ' — উক্তিটি কার? এখানে 'সদাগর' বলতে কাকে বোঝানো হয়েছে?
- ঠ) 'চাঁদ বণিকের পালা' নাটকের শুরুতে মাণ্ডলিক ও মহামাণ্ডলিক হিসাবে আমরা কোন্ চরিত্রগুলিকে পেয়েছি?
- ২। প্রতিটি পাঠ্যগ্রন্থ থেকে অন্তত একটি করে প্রশ্ন নিয়ে মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও :  $৬ \times ৬ = ৩৬$
- ক) ক্ষেত্রমণির উপর অত্যাচার কোন্ অঙ্কের কোন্ দৃশ্যে হয়েছিল? দৃশ্যটির নাট্যগুরুত্ব আলোচনা করো।  $১ + ৫ = ৬$
- খ) 'নীলদর্পণ' নাটকের তোরাপ চরিত্রটি আলোচনা করো।  $৬$
- গ) 'নূরজাহান' নাটকের মহাবৎ খাঁ চরিত্রটি বিচার করো।  $৬$
- ঘ) 'নূরজাহান' নাটকের প্রথম অঙ্কের প্রথম দৃশ্যটির নাটকীয়তার পর্যালোচনা করো।  $৬$
- ঙ) 'ডাকঘর' নাটকে অমলের কল্পনার জগৎটির প্রকৃতি পর্যালোচনা করো।  $৬$
- চ) 'ডাকঘর' নাটকের মোড়ল চরিত্রটি বিশ্লেষণ করো।  $৬$

- ছ) 'চাঁদবণিকের পালা' নাটকের বেণীনন্দন চরিত্রটি আলোচনা  
করো। ৬
- জ) 'চাঁদ বণিকের পালা' নাটকের সঙ্গীতগুলির তাৎপর্য সংক্ষেপে  
বিশ্লেষণ করো। ৬
- ঝ) 'নীলদর্পণ' নাটকে প্রবাদের প্রয়োগ বিষয়ে আলোকপাত করো।  
৬
- ঞ) 'নূরজাহান' নাটকে অপ্রধান নারীচরিত্রের ভূমিকা স্পষ্ট করো।  
৬

৩। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৪×১২=৪৮

- ক) ট্র্যাজেডি নাটক হিসাবে 'নীলদর্পণ' নাটকটি বিচার করো।
- খ) নায়ক হিসাবে নবীনমাধব চরিত্রটি বিশ্লেষণ করো।
- গ) 'নূরজাহান' নাটকের স্বগতোক্তিগুলির তাৎপর্য বিশ্লেষণ  
করো।
- ঘ) ঐতিহাসিক নাটক হিসাবে 'নূরজাহান' নাটকটি বিচার করো।
- ঙ) 'ডাকঘর' নাটকটি মুক্তির নাটক না কি মৃত্যুর নাটক —  
বিচার করো।
- চ) ত্রিগত, স্থানগত ও কালগত ঐক্য এবং সংক্ষিপ্ত সংলাপ  
'ডাকঘর' নাটকটিকে একটি সংহত রূপ দিয়েছে — মন্তব্যটি  
বিচার করো।
- ছ) 'চাঁদ বণিকের পালা' নাটকের নির্মাণকৌশলের অভিনবত্ব  
আলোচনা করো।
- জ) 'চাঁদবণিকের পালা' নাটক অবলম্বনে চাঁদসদাগর চরিত্রটি  
আলোচনা করো।